REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 03-09-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

---

Headlines :

**(১) ত্রয়োদশ বিধানসভার পঞ্চম অধিবেশন আগামীকাল থেকে আগরতলায় শুরু হচ্ছে ।**

**(২) রাজ্য থেকে রাজ্যসভার একমাত্র আসনের উপনির্বাচনে ভারতীয় জনতা পার্টির প্রার্থী রাজীব ভট্টাচার্য জয়ী হয়েছেন।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে মেয়েদের জন্য নিরাপদ পরিবেশ তৈরি করা উচিত ।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আহ্বানে সাড়া দিয়ে ভারত জুড়ে "এক পের মা কি নাম" এই প্রচার অভিযানের মধ্য দিয়ে এখন পর্যন্ত ৫২ কোটিরও অধিক বৃক্ষরোপন করা হয়েছে ।**

**(৫) মোহিনী মোহন চাকমা স্মৃতি পুরস্কার পেলেন আধুনিক চাকমা সংগীতের শিল্পী অভিক কুমার চাকমা ।**

*********************************************

**Assembly :**

ত্রয়োদশ বিধানসভার পঞ্চম অধিবেশন আগামীকাল থেকে আগরতলায় শুরু হচ্ছে। চলবে ৬ই সেপ্টেম্বর পর্যন্ত। এই অধিবেশনে ৩টি বিল পেশ করা হবে।

*************************

**Bye-Election R.S :**

রাজ্য থেকে রাজ্যসভার একমাত্র আসনের উপনির্বাচনে ভারতীয় জনতা পার্টির প্রার্থী রাজীব ভট্টাচার্য জয়ী হয়েছেন। রাজীব ভট্টাচার্য পেয়েছেন ৪৭টি ভোট। বিজিত প্রার্থী সিপিআই (এম) দলের সুধন দাস পেয়েছেন ১০টি ভোট। উল্লেখ্য, ত্রিপুরা বিধানসভার লবিতে আজ সকাল থেকে ভোট গ্রহণ শুরু হয়। ভোট গ্রহণের পর ভোট গণনা করা হয়। রাজ্যসভার উপনির্বাচনের রিটার্নিং অফিসার এস মগ এই সংবাদ জানিয়েছেন।

*************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে মেয়েদের জন্য নিরাপদ পরিবেশ তৈরি করা উচিত। কারণ মেয়েরা দেশের উন্নয়নের অবিচ্ছেদ্য অংশ। আজ পুণে-তে সিম্বোসিস ইউনিভার্সিটির ২১-তম সমাবর্তন অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। রাষ্ট্রপতি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানের লক্ষ্য হওয়া উচিত মূল্যবোধ ভিত্তিক শিক্ষা প্রদান করা এবং শিক্ষার্থীদের সমাজের সংস্কৃতি ও চাহিদা বুঝতে সাহায্য করা।

*************************

**PM-Brunei :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ব্রুনেই-এ পৌঁছেছেন। ব্রুনেইয়ের রাজধানী বন্দর সেরি বেগাওয়ানে প্রবাসী ভারতীয়রা তাঁকে স্বাগত জানান। দুই দেশের মধ্যে দীর্ঘ ৪০ বছরের কূটনৈতিক সম্পর্ক থাকা সত্ত্বেও এই প্রথম কোনও ভারতীয় প্রধানমন্ত্রী ব্রুনেইয়ে পা রাখলেন। তিন দিনের এই সফরে তিনি সিঙ্গাপুরও যাবেন। দুই দেশের সঙ্গেই একাধিক ক্ষেত্রে চুক্তি হতে

পারে ভারত সরকারের। ব্রুনেইয়ের সুলতান হাজি হাসানাল বলকিয়া এবং রাজপরিবারের অন্যান্য সদস্যদের সঙ্গে দেখা করার পর আগামীকাল প্রধানমন্ত্রী শ্রী মোদী সিঙ্গাপুরে পৌঁছুবেন। সিঙ্গাপুরের নতুন প্রধানমন্ত্রী লরেন্স ওয়াং এবং ভারতীয় বংশোদ্ভূত প্রেসিডেন্ট থার্মান শন্মুগরত্নমের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন শ্রী মোদী।

*****************************

**Governor-Rajbhavan :**

ভারতীয় সেনাবাহিনীর অপারেশন সদভাবনার অঙ্গ হিসেবে জাতীয় সংহতির জন্য রাজ্য সফররত মণিপুরের ছাত্রছাত্রীদের এক প্রতিনিধিদল আজ সকালে রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে সাক্ষাতকারে মিলিত হয়। প্রতিনিধিদলে ছিল মণিপুরের ৩৫ জন ছাত্রছাত্রী। এই প্রতিনিধিদলের নেতৃত্বে ছিলেন আসাম রাইফেলসের মেজর কার্তিকেয়ন। সাক্ষাতকারের সময় রাজ্য সফররত মণিপুরের ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে রাজ্যপাল বলেন, এই সফর মণিপুরের ছাত্রছাত্রীদের ত্রিপুরার সমৃদ্ধ ইতিহাস, সংস্কৃতি ও ঐতিহ্য সম্পর্কে জানতে সাহায্য করবে এবং জাতীয় সংহতি সুদৃঢ় করতে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে বলেও রাজ্যপাল আশা প্রকাশ করেন।

*************************

**BJP-Membership :**

রাজ্যে আজ থেকে শুরু হলো বিজেপির সদস্যতা অভিযান। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এই অভিযানের সূচনা করেন। এ উপলক্ষে আগরতলায় বিজেপির রাজ্য কার্যালয় আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ও বিজেপি প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য সদস্যপদ নবীকরণ করেন। উল্লেখ্য প্রথম পর্যায়ে আগামী ২৫শে সেপ্টেম্বর পর্যন্ত এবং দ্বিতীয় পর্যায়ে ১লা অক্টোবর থেকে ১৫ অক্টোবর পর্যন্ত সদস্যতা অভিযান চলবে।

***************************

**Ek Ped Maa Ki Naam-National :**

কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ূ মন্ত্রী ভুপিন্দর যাদব আজ 'এক্স'-এ পোস্ট-করে জানিয়েছেন যে 'এক পের মা কে নাম' প্রচার অভিযানের আওতায় সারা দেশ জুড়ে বৃক্ষ রোপন করার ক্ষেত্রে দেশ এক মাইল ফলক অর্জন করেছে। তিনি আরোও জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আহ্বানে সাড়া দিয়ে ভারত জুড়ে এই প্রচার অভিযানের মধ্য দিয়ে এখন পর্যন্ত ৫২ কোটিরও অধিক বৃক্ষরোপন করা হয়েছে।

****************************

**Ek Perd Ma Ki Naam-Akashvani :**

প্রধানমন্ত্রীর আহবানে সাড়া দিয়ে আজ আকাশবাণী আগরতলা কেন্দ্রে "এক পেড় মা কি নাম" শীর্ষক অভিযানের অঙ্গ হিসেবে এক বৃক্ষরোপন কর্মসূচি অনুষ্ঠিত হয়। আকাশবাণী আগরতলা কেন্দ্রের আধিকারিকরা ও কর্মীবৃন্দ বিভিন্ন প্রজাতির গাছের চারা রোপন করেন। এপ্রসঙ্গে আকাশবাণী আগরতলার কারিগরি বিভাগের সহকারী অধিকর্তা এন সি দেবনাথ বলেন, প্রধানমন্ত্রীর "এক পেড় মা কি নাম" শীর্ষক অভিযানে রাজ্য সরকারের বন দপ্তর বিভিন্ন প্রজাতির চারা গাছ সরবরাহ করেছে। পরবর্তী সময়ে আকাশবাণীর ট্রান্সমিশন কেন্দ্রেও এধরনের বৃক্ষ রোপন কর্মসূচির আয়োজন করা হবে।

****************************

**Ek Per Maa ka Naam-Unakoti :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আহ্বানে সাড়া দিয়ে "এক পেঁড় মা কি নাম" কর্মসূচিতে আজ ঊনকোটি জেলায় নানাস্থানে বৃক্ষরোপণ করা হয়। ঊনকোটি জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় ছিল, আজকের কর্মসূচি। গোটা জেলাতে আজ সর্বমোট ২২ হাজার

১৫০টি বিভিন্ন জাতের গাছের চারা লাগানো হয়। এই উপলক্ষে কৈলাশহরের কেন্দ্রীয় বিদ্যালয়ে জেলাভিত্তিক অনুষ্ঠান হয়। কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা। তিনি ভূ-উষ্ণায়ণ রোধে ও প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় ব্যাপক বনসৃজনের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। এখানে পরিবেশ রক্ষার শপথবাক্য পাঠ করান হয়। আজকের কর্মসূচিতে উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার পুলিশ সুপার কান্তা জানগির, জেলা বন আধিকারিক কৃষ্ণগোপাল রায় প্রমুখ।

****************************

**PMAY :**

কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রক সমাজে আর্থিকভাবে অসুবিধাজনক অবস্থায় থাকা প্রান্তিক শ্রমিকদের কথা চিন্তা করে প্রধানমন্ত্রী আবাস যোজনার সুবিধা সম্প্রসারণ এর উদ্যোগ নিয়েছে। কেন্দ্রীয় কর্মসংস্থান মন্ত্রকের পক্ষ থেকে প্রধানমন্ত্রীর আবাস যোজনা সমাজের প্রান্তিক অংশের, বিশেষত অভিবাসী শ্রমিক, নির্মাণ শ্রমিক, চলচ্চিত্র শিল্পে যুক্ত শ্রমিক, কয়লা নয় এমন খনিজ শ্রমিক, চুক্তিভিত্তিক শ্রমিক এবং অন্যান্য অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের অন্তর্ভুক্ত করার জন্য রাজ্য সরকারগুলোর কাছে চিঠি পাঠানো হয়েছে।

****************************

**Governor Visit :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ বিশালগড়স্থিত কেন্দ্রীয় সংশোধনাগার পরিদর্শন করেন। তিনি সংশোধনাগারের ভেতর আনন্দ প্রেক্ষাগৃহে কয়েদী আবাসিকদের সঙ্গে মত বিনিময় করেন। সংশোধনাগারে তাদের সুবিধা-অসুবিধা সম্পর্কে অবহিত হন। কয়েদী আবাসিকরা রাজ্যপালের কাছে ৩ দফা দাবি সমন্বিত স্মারকলিপি প্রদান করেন। তাছাড়া রাজ্যপাল মহিলা কয়েদী

আবাসিকদের সঙ্গেও দেখা করে তাদের সুবিধা-অসুবিধা ও তাদের সঙ্গে থাকা শিশু সন্তানদের খোঁজখবর নেন। তিনি সংশোধনাগারে বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্রের বিভিন্ন শাখা পরিদর্শন করেন। রাজ্যপাল সেখানে সাংবাদিকদের কাছে বলেন, ভারতবর্ষের সংশোধনাগারগুলি এখন শুধু সাজা প্রদানের ভাবনায় পরিচালিত হয় না। সাজাপ্রাপ্তরা যেন নিজের ভুল সংশোধন করে পরবর্তী জীবন সুন্দরভাবে অতিবাহিত করতে পারে সেই বিষয়টিও লক্ষ্য রাখা হয়। পরিদর্শনকালে তার সঙ্গে ছিলেন আই.জি প্রিজন রমেশ রেড্ডি, সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক জয়ন্ত দে, পুলিশ সুপার বি.জে রেড্ডি, বিশালগড়ের মহকুমা শাসক রাকেশ চক্রবর্তী প্রমুখ।

***************************

**Review Meeting-Khowai :**

সাংসদ কৃতী দেবী দেব্বর্মার পৌরহিত্যে আজ খোয়াই জেলাশাসক কার্যালয়ে উন্নয়ন কর্মসূচি রূপায়ণ নিয়ে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। পর্যালোচনা সভায় সাংসদ কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পে উন্নয়ন কর্মসূচি রূপায়ণে বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয়ের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, উন্নয়ন কর্মসূচি রূপায়ণের কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করতে হবে। সভায় জেলাশাসক চান্দনী চন্দ্রন পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে খোয়াই জেলায় সাম্প্রতিক বন্যা পরিস্থিতিতে কৃষি ও কৃষি সংশ্লিষ্ট ক্ষেত্র, যোগাযোগ, জাতীয় সড়ক, বিদ্যুৎ ক্ষেত্রের ক্ষয়ক্ষতির বিস্তারিত তথ্য তুলে ধরেন। সভায় জেলার কৃষি ও কৃষক কল্যাণ, উদ্যান, মৎস্য, স্বাস্থ্য, প্রাণীসম্পদ বিকাশ, পূর্ত, বন, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা সহ বিভিন্ন কার্যালয়ের আধিকারিকগণ সংশ্লিষ্ট দপ্তরের উন্নয়নমূলক কাজের বিবরণ ও সাম্প্রতিক বন্যায় ক্ষয়ক্ষতির তথ্য তুলে ধরেন। পর্যালোচনা সভায় সাংসদ কৃতী দেবী দেববর্মা খোয়াই জেলার বিভিন্ন এলাকায় নদীর পাড় ভাঙ্গন ও বন্যা প্রতিরোধে নদীর পাড়ে বন দপ্তর ও

জলসম্পদ দপ্তরকে যৌথভাবে প্ল্যান্টেশন এবং বাঁশ গাছ লাগানোর উপর গুরুত্ব আরোপ করেন। সভায় উপস্থিত ছিলেন এডিসির কার্যনির্বাহী সদস্য সোহেল দেববর্মা, খোয়াই পুরপরিষদের চেয়ারপার্সন দেবাশিস নাথশর্মা ও বিভিন্ন দপ্তরের পদস্থ আধিকারিকগণ।

****************************

**Award :**

মোহিনী মোহন চাকমা স্মৃতি পুরস্কার পেলেন আধুনিক চাকমা সংগীতের শিল্পী অভিক কুমার চাকমা। তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রধান কার্যালয়ে আজ এক অনুষ্ঠানে অভিক কুমার চাকমার হাতে এই পুরস্কার তুলে দেন রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী। রাজ্য সরকার এবছর থেকেই মোহিনী মোহন চাকমা স্মৃতি পুরস্কার চালু করেছে। পুরস্কার হিসেবে তিনি পেয়েছেন স্মারক, মানপত্র ও ২০ হাজার টাকা। এখন থেকে প্রতি বছরই চাকমা সংগীত, শিল্প ও সংস্কৃতিতে উল্লেখযোগ্য অবদানের জন্য একজনকে এই পুরস্কার দেওয়া হবে। মোহিনী মোহন চাকমা স্মৃতি পুরস্কারপ্রাপক অভিক কুমার চাকমা আধুনিক চাকমা সংগীতে একজন প্রথিতযশা শিল্পী। তাঁর বাড়ি পেঁচারখলের মাছমারায়। চাকরিসূত্রে তিনি বর্তমানে মিজোরামে থাকেন।

*************************

**Malaria :**

স্বাস্থ্য দপ্তরের স্টেট ম্যালেরিয়া নোডাল অফিসার ডাঃ অভিজিৎ দাস আজ আকাশবাণীর প্রতিনিধিকে জানিয়েছেন, এ বছর জানুয়ারি মাস থেকে এখন পর্যন্ত রাজ্যে ৭৭৬০ জন ম্যালেরিয়ায় আক্রান্ত হয়েছে। তারমধ্যে ধলাই জেলায় আক্রান্তের সংখ্যা ৫৩৩১ জন। তিনি জানান, এ বছর ম্যালেরিয়া প্রবণ এলাকাগুলিতে ৯ লক্ষ পঁচিশ হাজার ঔষধি মশারি দেওয়া হয়েছে।

************************

**Train :**

আগরতলা–সাব্রুম রুটে ট্রেন চলাচল আজও বন্ধ রয়েছে। আগামীকালও এই রুটের সব ট্রেন বাতিল করা হয়েছে বলে জানিয়েছেন এন এফ রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা। তিনি জানান, আগরতলা সাব্রুম রুটে রেল লাইনের উপর থেক ধ্বস পরিষ্কার করা হয়েছে এবং ঐ অংশটিতে রেল চলাচলের সম্পূর্ণ উপযোগী করে তোলার কাজ চলছে। খুব শীঘ্রই আগরতলা–সাব্রুম রুটে রেল চলাচল পুনরায় শুরু করা যাবে বলে তিনি আশা ব্যক্ত করেন।

**************************

**Chandra Smriti League :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার টাউন ক্লাব ও জুয়েলস এসোসিয়েশনের খেলা আজ ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচটি গোলশূন্যভাবে শেষ হয়। ফলে উভয় দল এক পয়েন্ট করে পায়।

**************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের সব জেলার বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস।

****************************